

আলো আঁধারির আকাশগঙ্গা

অন্ধকার রাতের আকাশে দুধের ছিটের মত ছড়িয়ে থাকা আমাদের ছায়াপথের নাম আকাশগঙ্গা, ইংরেজিতে যাকে নাকি বলে মিল্কি ওয়ে। কোটি কোটি নক্ষত্রের সমাবেশে উজ্জ্বল আমাদের এই মহাজাগতিক আবাস নিয়ে প্রাচীনকাল থেকে বহু মনীষী বিজ্ঞানে, সাহিত্যে, দর্শনে, আঁকায়, সঙ্গীতে গবেষণা করে চলেছেন। ছায়াপথ নিয়ে বিভিন্ন গবেষণায়, মহাকাশবিজ্ঞানের সাথে কী ভাবে জড়িয়ে রয়েছে জ্ঞানের অন্যান্য শাখাগুলি, এই বক্তৃতায় সে বিষয়েই আলোকপাত করার চেষ্টা করা হবে।

আকাশগঙ্গা কিন্তু শুধু উজ্জ্বলই নয়, তার কেন্দ্রে বসে আছে এক মহাঅন্ধকার দানব - মহাকাশের অন্ধকূপ কৃষ্ণগহ্বর, পোশাকী নাম যার ব্ল্যাক হোল। যার আকর্ষণ এতো তীব্র যে কোনোকিছুই তার ধারেকাছে থেকে পালিয়ে আসতে পারে না, এমনকি আলোকতরঙ্গও। তাই সে সম্পূর্ণ কৃষ্ণকায় - ব্ল্যাক। কৃষ্ণগহ্বরের জন্ম রহস্য জানা যাবে এই বক্তৃতায়। মজার কথা হলো, অন্ধকারের পুঞ্জ এই কৃষ্ণগহ্বরের নামকরণের সাথে জড়িয়ে রয়েছে ঔপনিবেশিক কলকাতার ইতিহাসও। সেই নিয়েও আলোচনা হবে।

এই বক্তৃতা তাই শুধু বিজ্ঞানের ছাত্র ছাত্রীদের জন্য নয়। যে কোনো বিষয়ের শিক্ষার্থীই বক্তৃতা উপভোগ করবেন বলে আশা করা যায়।

মার্চ

২৫

বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়, সেমিনার হল

২৫/০৩/২০২৫

দুপুর ১২ টা



প্রফেসর ডঃ তাপস কুমার দাস
হরিশ-চন্দ্র রিসার্চ ইন্সটিটিউট
পরমাণু শক্তি বিভাগ, ভারত
প্রয়াগরাজ, উত্তর প্রদেশ

Contact: Dr. Md Arif Shaikh (arifshaikh.astro@gmail.com)